

(প্রেস বিজ্ঞপ্তি)

২২ নভেম্বর ২০২২ খ্রি.

চসিক ভ্রাম্যমাণ আদালত
ডেঙ্গু মশার বংশ বিস্তার রোধে পরিচালিত অভিযানে
৫ ব্যক্তিকে ২০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর কাতালগঞ্জ, মুরাদপুর, বহদারহাট ও বাদুরতলা এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিস মশার উৎসস্থল বিভিন্ন বাসা বাড়ীর ছাদ বাগান ও নির্মাণাধীন ভবন পরিদর্শন করেন। এডিস মশার জন্ম স্থান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টি করা হয়। এই সময় একটি নির্মাণাধীন ভবনসহ পাঁচটি বাড়ীতে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩